গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

তারিখ : ০৩.০৮.২০০৬

ব্যাখ্যাপত্র নং- ০২/মূসক/২০০৬

**বিষয় ঃ কাঁচামাল হস্তান্তর সংক্রান্ত বোর্ডের আদেশ নং- ০৫/মূসক/৯৪, তারিখ : ৩০.০৫.১৯৯৪ বাতিলের পরিপ্রেক্ষিতে এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে কাঁচামাল হস্তান্তর পদ্ধতি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বোর্ডের আদেশ নং-০৫/মূসক/৯৪, তারিখ : ৩০.০৫.১৯৯৪ বাতিলের পূর্বে বিভিন্ন কমিশনারেটের যে মতামত গ্রহণ করা হয়েছিল তা থেকে দেখা গেছে যে, মূসক আইন ও বিধির বিদ্যমান বিধান অনুসরণে এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে কাঁচামাল হস্তান্তর সম্ভব। কোনো রকম রূপান্তর ব্যতিরেকে আমদানিকৃত বা ক্রয়কৃত কাঁচামাল অন্যত্র হস্তান্তর মূসক আইনের ধারা ২ এর দফা (থথথথ) এর অধীন "ব্যবসায়ী" এর পর্যায়ভুক্ত। তাই কোনো কারখানা থেকে কাঁচামাল অন্যত্র হস্তান্তরের পূর্বে এর মূল্য ঘোষণা প্রদান করতে হবে এবং এর ভিত্তিতে ১৫% হারে মূসক পরিশোধপূর্বক মূসক-১১ চালানের মাধ্যমে কাঁচামাল অপসারণ করতে হবে। কাঁচামাল গ্রহণকারী কারখানা উক্তরূপ মূসক-১১ চালানে প্রদর্শিত মূসক বিধি মোতাবেক রেয়াত গ্রহণ করতে পারবে।

২। "ব্যবসায়ী"দের মূল্য সংযোজন (value addition) এর শতকরা হার নিয়ে মাঠ পর্যায়ে এখনো কিছুটা অস্পষ্টতা রয়েছে মর্মে লক্ষ্য করা যাচ্ছে। ব্যবসায়ী পর্যায়ে মূল্য সংযোজনের নির্ধারিত হার ১০% করা হয়েছে। তবে মূল্য ঘোষণা প্রদানের মাধ্যমে কর পরিশোধে ইচ্ছুক করদাতার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে মূসকযোগ্য মূল্যভিত্তি নির্ধারিত হবে। তাই কাঁচামাল হস্তান্তরের ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে মূল্য ঘোষণা প্রদান করা হলে তা গ্রহণ করার ক্ষেত্রে কোনো আইনানুগ অসুবিধা বা প্রতিবন্ধকতা নেই বলে জাতীয় রাজস্ব বোর্ড মনে করে।

(মোহাম্মদ লুৎফর রহমান)
দ্বিতীয় সচিব (মূসক : নীতি ও বাজেট)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

ব্যাখ্যাপত্র নং- ১১/মূসক/২০০৫

তারিখ : ০২.০৭.২০০৫

**বিষয় ঃ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩১ এর আওতায় রপ্তানি হিসেবে গণ্য 'নির্মাণ সংস্থা' শীর্ষক সেবার বিপরীতে কর্তনকৃত মূল্য সংযোজন কর প্রত্যর্পণ প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ ডেডোর পত্র নং- ১(এ)/ডেডো/২০০৪/২৮৬/৩৭৫, তারিখ : ১৬.০১.২০০৫

নির্মাণ সংস্থা কর্তৃক প্রদত্ত সেবাকে রপ্তানি হিসেবে গণ্য করার ক্ষেত্রে যে তারিখে সংশ্লিষ্ট সেবার বিপরীতে উৎসে মূল্য সংযোজন কর (মূসক) কর্তন/আদায় করা হবে সে তারিখ থেকে ৬ মাস সময়সীমার মধ্যে প্রত্যর্পণের আবেদন দাখিল করতে হবে বলে জাতীয়